[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।
[মূল্য সংযোজন কর]

**বিশেষ আদেশ**

বিশেষ আদেশ নং-৫/মূসক/২০২২

তারিখঃ ১৫ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ।
২৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ।

**বিষয়ঃ “আমার বঙ্গবন্ধু” শীর্ষক মোবাইল এ্যাপস সংশ্লিষ্ট সেবা (Design, Development, Implementation, Maintenance) সরবরাহের ক্ষেত্রে উহাদের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।**

যেহেতু, “আমার বঙ্গাবন্ধু” শীর্ষক মোবাইল এ্যাপস সংশ্লিষ্ট সেবা (Design, Development, Implementation, Maintenance) সরবরাহের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) এর মধ্যে চুক্তি সম্পন্ন হইয়াছে; এবং

যেহেতু, উক্ত প্রকল্পের মূল উদ্দেশ্য হইলো বঙ্গাবন্ধুর জীবনের বিভিন্ন গুরুত্বপূর্ণ ধাপ ও জাতির সঠিক ইতিহাস সর্ম্পকে সর্বস্তরের ছাত্র-ছাত্রীদেরকে আর্কষণীয়ভাবে জানানো; এবং

যেহেতু, এই ক্ষেত্রে কোন ব্যবসায়িক স্বার্থের সংশ্লিষ্টতা নাই; এবং

যেহেতু, এই ধরনের এ্যাপস চালু হইলে দেশের জনগণ ডিজিটালি বঙ্গাবন্ধু ও দেশের ইতিহাস সম্পর্কে জানতে পারিবে;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) কর্তৃক “আমার বঙ্গাবন্ধু” শীর্ষক মোবাইল এ্যাপস সংশ্লিষ্ট সেবা (Design, Development, Implementation, Maintenance) সরবরাহের ক্ষেত্রে উহাদের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

২৮/০২/২০২২

( জাকিয়া সুলতানা )
সদস্য (মূসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
[ তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো ]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫৬.১৪/ ৮৫(২০) তারিখঃ ২৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২-৪। সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি)/(মূসক নীতি)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ ঢাকা(পূর্ব)/ ঢাকা(পশ্চিম) /রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/যশোর/রংপুর/কুমিল্লা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

১৭। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূল্য সংযোজন কর, ঢাকা।

১৮। রেজিমেন্ট এ্যাডজুটেন্ট, রমনা রেজিমেন্ট, বিএনসিসি, ঢাকা।

১৯। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২০। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোডকরণের অনুরোধসহ)।

২১। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [ চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য ]।

Rhasan
28/02/22

**( কাজী রেজাউল হাসান )**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)